# বার্ষিক প্রতিবেদন



# ২০০৮ ইং

প্রতিবেদন প্রনয়নে


**প্রধান অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ওআরএ)

জেমিনি টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ

মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৭৩৪১৫১১২২

**ঢাকা অফিস**

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ওআরএ)

২৭১ / ৭, নীচ তলা, জাফরাবাদ, শংকর,মোহাম্মদপুর,ঢাকা-১২০৭

ফোন:৯১২৯৪১০. মোবা: ০১৭১১৬২২৬০৯,০১৫৫২৩৮৮০৭৫

Email: oradhakaora @yahoo.com

orashou@yahoo.com

# ভূমিকা

হাওর বাওরের অঞ্চল কিশোরগঞ্জ জেলা। এ জেলাটির বেশীর ভাগ এলাকা জুড়ে রয়েছে হাওর অঞ্চল। ঐ অঞ্চলের বেশীর ভাগ সময়ই থাকে পানি। ঐ পানি বন্দী কালীন সময়ে গরীব মানুষের আয় রোজগারের কোন উপায় থাকেনা। শুকনো মৌসুমে যা উপার্জন করে পানি বন্দীকালীন সময়ে তা বসে বসে শেষ করে। তাই সারা দেশের ন্যায় এখানেও রয়েছে বেকারত্ব,অন্ন, বস্ত্র, শিক্ষা,চিকিৎসা ও বাসস্থানের অভাব। এ সকল বিবিধ সমস্যা সমাধান করে তাদের উন্নয়ন কল্পে অর্গনাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেনট (ওআরএ) সংস্থাটি ১৯৮৮ সালের ১লা জুন থেকে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার রামনগর গ্রামে প্রতিষ্ঠা লাভ করে। হাজারো সমস্যাযুক্ত দরিদ্র মানুষের সমস্যা সমাধান করা ও,আর,এ এর একার পক্ষে সম্ভব নহে। ওআরএ জন্ম লগ্ন থেকে দরিদ্র মানুষের দারিদ্রতা বিমোচনের লক্ষ্যে সমস্যা সমাধানের কৌশলগুলো বাতলিয়ে সে মোতাবেক কাজ করার প্রয়াস চালিয়ে যাচেছ। কিন্তু প্রকৃত পক্ষ্যে গরীব মানুষের উন্নয়ন বিভিন্ন কারণে বাধাগ্রস্ত হচ্ছে। তবে ওআরএ-এর নূন্যতম অভিজ্ঞতা থেকে এ উপলব্ধি হয়েছে যে যাদের জন্য উন্নয়ন তাদেরকে যদি বিশ্লেষণমুখী সচেতন করে মটিভেশন প্রদান করা যায় তাহলে হয়ত বা কাজগুলো টেকসই হবে। এ প্রেরণা থেকে ২০০৬ ইং থেকে ওআরএ-এর প্রতিটি কর্মসূচীই Community Led Approach-এ করার জন্য কর্মী বাহিনীকে তৈরী করা হচ্ছে। আশা করা যায় ভবিষ্যতে কাজের টেকসই ও গ্রহন যোগ্যতা অনেকাংশে বৃদ্ধি পাবে।

ও,আর,এ বর্তমানে বিভিন্ন দাতা ও সহযোগী সংস্থার আর্থিক ও কারিগরী সহযোগিতায় বিভিন্ন উন্নয়ন মূলক কর্মসুচী চালিয়ে যাচেছ। এ প্রতিবেদনে ও,আর,এ এর কার্যক্রমের কিছুটা হলেও প্রতিফলন ঘটবে।

এই রিপোর্ট তৈরীতে যারা সহযোগিতা করেছেন তাদের সবাইকে জানাই আন্তরিক ধন্যবাদ। প্রতিবেদনের মাঝে কোন ভূল ত্রুটি পরিলক্ষিত হলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে ভবিষ্যৎতে শুধরানোর জন্য পরামর্শ প্রদান করলে কৃতজ্ঞ থাকব।

শুভেচছান্তে,<br>
এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম<br>
নির্বাহী পরিচালক<br>
ও,আর,এ, কিশোরগঞ্জ।

# অফিস পরিচিতি

| প্রধান অফিস : | ঢাকা অফিসঃ |
|---|---|
| অর্গানাইজেশন ফর রুরাল এডভান্সমেন্ট **(ও.আর.এ)**<br>জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, কিশোরগঞ্জ<br>মোবাইল ঃ ০১৭১১৬২২৬০৯,০১৭৩৪১৫১১২২<br>ইমেইল: orashou@yahoo.com | অর্গানাইজেশন ফর রুরাল এডভান্সমেন্ট **(ও.আর.এ)**<br>২৭১/৭ (নীচ তলা) জাফরাবাদ, শংকর, মোহাম্মদপুর,ঢাকা-১২০৭<br>মোবাইল ঃ০৭১১৬২২৬০৯,০১৫৫২৩৮৮০৭৫<br>ফোন ঃ ৯১২৯৪১০<br>ইমেইল:oradhakaora @ yahoo.com |

# শাখা অফিস

| ও,আর,এ-করিমগঞ্জ শাখা | ও,আর,এ-নিয়ামতপুর শাখা | ওআরএ- নানশ্রী শাখা |
|---|---|---|
| সৌহার্দ্দ ,ক্ষুদ্র ঋন স্বাস্থ্য, পুষ্টি শিক্ষা<br>করিমগঞ্জ, কিশোরগঞ্জ।<br>০১৭১৬৭৮৬২২৫, ০১৭১২-১৫৩০৫৭ | সৌহার্দ্দ কর্মসূচী ও ঋন কর্মসূচী<br>নিয়ামতপুর, করিমগঞ্জ, কিশোরগঞ্জ<br>০১৭১৬৮৫৮০৮৬ | ক্ষুদ্র ঋণ ও দাতব্য চিকিৎসা<br>গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী<br>করিমগঞ্জ, কিশোরগঞ্জ<br>০১৭১৬৪২৫৭৪৭ |

# প্রকল্প অফিস

| ও,আর,এ-ইটনা শাখা | ও,আর,এ-কিশোরগঞ্জ শাখা | ও,আর,এ-নেত্রকোনা শাখা | ওআরএ নিকলী শাখা |
|---|---|---|---|
| সৌহার্দ্দ কর্মসূচী<br>ইটনা, কিশোরগঞ্জ।<br>০১৭১৯৬৪০৬৭৯ | HIV /AIDS Targeted Intervention (HATI)<br>তানিম ভবন, শ্রীনগর,<br>গাইটাল, কিশোরগঞ্জ।<br>০১৭১৮৬৪৭৭৭৬ | HIV /AIDS Targeted Intervention (HATI)<br>জয়নগর (পশু হাসপাতালের পিছনে) নেত্রকোনা।<br>০১৭১৮২৩২৭৪৭ | Early childhood Education Program<br>নিকলী, কিশোরগঞ্জ।<br>০১৭২৯৫৫৫৯৪৫ |

## ভূমিকাঃ

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও,আর,এ) একটি সমাজ সেবা মুলক প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের আত্মপ্রকাশ ১৯৮৮ সালের ১ লা জুন কিশোরগঞ্জ জেলার অর্ন্তগত করিমগঞ্জ উপজেলার জয়কা ইউনিয়নের রামনগর নামক অবহেলিত এক নির্ভৃত পল্লীতে। এর উদ্যোগতা এবং প্রতিষ্ঠাতা হলেন এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম। শুরুতে অর্গানাইজেশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ও,আর,ডি) নামে ইহা দেশের বৃহত্তর জনগোষ্ঠী যারা সমাজে অবহেলিত, জীবন যাত্রা সাধারন মানের নীচে অবস্থান করছে তাদের আর্থ সামাজিক উন্নয়নের লক্ষ্যে ১৪ এপ্রিল ১৯৯১ তারিখ সমাজসেবা বিভাগ ময়মনসিংহ কর্তৃক নিবন্ধীকৃত হয় যার নিবন্ধন নম্বর কিশোর ০১৬৫ কিন্তু ১৯৯৪ সনে এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক নিবন্ধন করার সময় সংস্থার নাম কিছুটা পরিবর্তন করে বর্তমান নামকরন অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও,আর,এ) করে নিবন্ধন করা হয়। যার নিবন্ধন নম্বর ৮২৮ তারিখ ০৯-০৫-১৯৯৪ ইং। পরবর্তীতে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক নিবন্ধীত হয় এবং যার নিবন্ধন নং ২০২/০৬ তারিখ ২৩-০৫-২০০৬ ইং এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী অর্থারিটি কর্তৃক নিবন্ধনকৃত হয় এবং যার নিবন্ধন নং ০৪১২১-০১৩৭০-০০১৮৭

## সংস্থার লক্ষ্য :

সমাজে পিছিয়ে পড়া দরিদ্র অবহেলিত পুরুষ ও মহিলা জনগোষ্ঠীর আর্থ সামাজিক অবস্থার উন্নয়ণ।

## সংস্থার ভিশন :

স্থানীয় এবং বহিরাগত সম্পদ বিশেষ করে মানব, কৃষি, পশু ও পানি সম্পদের মত আরও কিছু সম্পদ সমাবেশীকরনের মাধ্যমে প্রকল্প এলাকাস্থ দুস্থ, গরীব, ক্ষমতা বঞ্চিত গ্রামীন এবং শহরের পুরুষ ও মহিলাদের জীবনের মান উন্নয়ন করে সমাজে তাদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা।

## সংস্থার উদ্দেশ্য :

সংস্থা তার মূল লক্ষ্যকে সামনে রেখে নিম্নোক্ত উদ্দেশ্য সাধনের জন্য বিভিন্ন কর্মসুচীর মাধ্যমে কাজ করে যাচেছ :

- লক্ষিত জনগোষ্ঠীকে দল গঠন এবং সঞ্চয়ের অভ্যাসের মাধ্যমে সঞ্চয় তহবিল গঠন করা।
- সংগঠিত দলে ঋন দানের মাধ্যমে আয় ও কর্মসংস্থানের সৃষ্টি করা।
- হাওর এলাকার বন্যা প্রবন অতি দরিদ্র পরিবারের খাদ্য অনিশ্চয়তা কমিয়ে এনে আয় ও কর্ম সংস্থান বৃদ্ধি করা
- শিক্ষা কার্যক্রমের মাধ্যমে কর্ম এলাকায় সাক্ষরতার হার বৃদ্ধি করা।
- নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
- HIV /AIDS Targeted Intervention (HATI) প্রকল্প বাস্তবায়ন।
- কৃষি, পশু সম্পদ, বনায়ণ ও মৎস সম্পদের উন্নয়ন।
- আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে সামাজিক বৈষ্যমতা দূর করন।
- মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষার মাধ্যমে পরিবেশ ও ব্যক্তি স্বাস্থ্যের উন্নয়ন সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা।
- দল গঠনের মাধ্যমে নারীর ক্ষমতায়ন করা এবং ভোটার এডুকেশনের মাধ্যমে গনতন্ত্রায়ন।

**বর্তমান কর্ম এলাকা :**

| জেলা | | উপজেলা | | ইউনিয়ন | | গ্রাম/ মহল্লা |
|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | নাম | সংখ্যা | নাম | সংখ্যা | নাম | |
| ০১ | কিশোরগঞ্জ | ১ | কিশোরগঞ্জ সদর | ০১ | কিশোরগঞ্জ পৌর সভা | ০৯ |
| | | | | ০২ | বৌলাই | ০৪ |
| | | | | ০৩ | কর্ষাকরিয়াইল | ০১ |
| | | | | ০৪ | রশিদাবাদ | ০২ |
| | | ০২ | করিমগঞ্জ | ০১ | করিমগঞ্জ | ০৮ |
| | | | | ০২ | নিয়ামতপুর | ০৬ |
| | | | | ০৩ | সুতারপাড়া | ১০ |
| | | | | ০৪ | কাদিরজঙ্গল | ০১ |
| | | | | ০৫ | গুজাদিয়া | ০১ |
| | | | | ০৬ | নোয়াবাদ | ১৯ |
| | | | | ০৭ | গুনধর | ০৬ |
| | | | | ০৮ | জয়কা | ১০ |
| | | | | ০৯ | দেহুন্দা | ০২ |
| | | | | ১০ | বারঘরিয়া | ০৭ |
| | | | | ১১ | জাফরাবাদ | ০৩ |
| | | ০৩ | তাড়াইল | ০১ | দাহিমা | ০৪ |
| | | | | ০২ | দীঘ দাইর | ০১ |
| | | ০৪ | ইটনা | ০১ | ইটনা সদর | ০৪ |
| | | | | ০২ | জয়সিদ্দি | ০৪ |
| | | | | ০৩ | চৌগাংগা | ০৪ |
| | | | | ০৪ | বড়ই বাড়ী | ০৪ |
| | | | | ০৫ | এলংজুরী | ০৫ |
| | | | | ০৬ | মৃগা | ০৭ |
| | | | | ০৭ | ধনপুর | ০৭ |
| | | | | ০৮ | বাদলা | ০৪ |
| | | | | ০৯ | রায়টুটি | ০৫ |
| | | ০৫ | নিকলী | ০১ | নিকলী | ০৫ |
| ০২ | নেত্রকোনা | ০৬ | নেত্রকোনা সদর | ০১ | নেত্রকোনা সদর | ০৯ |
| ০২ | | ০৬ | | ২৮ | | ১৫২ |

### বর্তমান কর্মসুচী :

- দল গঠন ও সঞ্চয় তহবিল গঠন।
- ঋনদান এবং আয় ও কর্মসংস্থান সৃষ্টি।
- সৌহার্দ্দ কর্মসুচী।
- এইচ,আই,ভি/এইড্স টার্গেটেড ইন্টারভেনশন কর্মসূচী।
- আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা ও উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা।
- রিচিং আউট অব স্কুল চিলড্রেন **(ROSC)**
- দাতব্য চিকিৎসালয় পরিচালন।
- বিনা মূল্যে ঔষধ সামগ্রী বিতরন।
- নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন।
- মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসূচী।
- শিক্ষা সংক্রান্ত সেমিনার/কর্মশালার আয়োজন করা।
- শিশু অধীকার সংরক্ষন বিষয়ক কর্মসুচী পালন।
- কৃষি, পশু ও মৎস সম্পদের উন্নয়ন।
- প্রশিক্ষন (সাধারন ও কারিগরি)।

### মোট লক্ষিত জনগোষ্ঠী:

| কর্মসুচীর ধরন | দলের সংখ্যা | পরিারের সংখ্যা | লক্ষিত জনগোষ্ঠী |
|---|---|---|---|
| ক্ষুদ্র ঋন কর্মসুচী | ১৫৪ | ২১১৮ | ১০৫৯০ |
| সমন্বিত উন্নয়ন কর্মসূচী | - | ১৯৫১২ | ৯৭৫৬০ |
| মোট | ১৫৪ | ২১৬৩০ | ১০৮১৫০ |

### মোট কর্মী:

| পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|
| ১০৮ | ২২৩ | ৩৩১ |

### প্রকল্প ভিত্তিক কর্মীর বিবরন :

| ক্র:নং | কর্মসূচীর নাম | নিয়মিত কর্মী | | | প্রকল্প কর্মী | | | সর্ব মোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পু: | ম: | মোট | পু: | ম: | মোট | পু: | মহিলা | মোট |
| ০১ | দল গঠন ও ঋন দান কর্মসূচী | ০৪ | ০৩ | ০৭ | - | - | - | ০৪ | ০৩ | ০৭ |
| ০২ | HIV/AIDS প্রতিরোধ কর্মসূচী | ০৮ | ১৭ | ২৫ | - | - | - | ০৮ | ১৭ | ২৫ |
| ০৩ | সৌহার্দ্দ কর্মসূচী | ৩১ | ০৯ | ৪০ | ৪৩ | ১১৬ | ১৫৯ | ৭৪ | ১২৫ | ১৯৯ |
| ০৪ | ওয়াটার এন্ড স্যানিটেশন কর্মসূচী | ০২ | ০১ | ০৩ | - | - | - | ০২ | ০১ | ০৩ |
| ০৫ | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ০৫ | ৪৮ | ৫৩ | - | - | - | ০৫ | ৪৮ | ৫৩ |
| ০৬ | আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা | ০১ | ০৩ | ০৪ | - | - | - | ০১ | ০৩ | ০৪ |
| ০৭ | রিচিং আউট অব স্কুল চিলড্রেন | ০৬ | ১৪ | ২০ | - | - | - | ০৬ | ১৪ | ২০ |
| ০৮ | মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা | - | - | - | ০৪ | ০৫ | ০৯ | ০৪ | ০৫ | ০৯ |
| ০৯ | দাতব্য চিকিৎসালয় | ০২ | ০২ | ০৪ | - | - | - | ০২ | ০২ | ০৪ |
| ১০ | বিনা মূল্যে ঔষধ সামগ্রী বিতরন | ০১ | - | ০১ | - | - | - | ০১ | - | ০১ |
| ১১ | Early Childhood Education Program | - | - | - | ০১ | ০৫ | ০৬ | ০১ | ০৫ | ০৬ |
| | মোট | ৬০ | ৯৭ | ১৫৭ | ৪৮ | ১২৬ | ১৭৪ | ১০৮ | ২২৩ | ৩৩১ |

## বর্তমান দাতা সংস্থার নাম ও কার্যক্রম :

| ক্র:নং | দাতা সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ০১ | সংস্থা ও উপকারভোগী | সঞ্চয় ও দল গঠন |
| ০২ | পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন ও সংস্থা | ঋনদানের মাধ্যমে আয় ও কর্মসংস্থান সৃষ্টি |
| ০৩ | WORLD BANK / DFID & NASP | HIV / AIDS প্রতিরোধ কর্মসুচী |
| ০৪ | প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রানালয়,বাংলাদেশ সরকার | আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা। |
| ০৫ | প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রানালয়, বাংলাদেশ সরকার। | Reaching Out of School Children (ROSC) |
| ০৬ | USAID & CARE-Bangladesh | সৌহার্দ্দ কর্মসুচী |
| ০৭ | ব্র্যাক ও ইসি | উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা । |
| ০৮ | এনজিও ফোরাম ,ঢাকা। | ওয়াটার এন্ড স্যানিটেশন |
| ০৯ | বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন **(বিএনএফ)** | মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা কর্মসুচী |

## কর্মসূচী ভিত্তিক পরিচিতি :

### ০১. দল গঠন ও সঞ্চয় কর্মসূচী:

ও,আর,এ তার মূল লক্ষ্যের উপর ভিত্তি করে দারিদ্রতা বিমোচন প্রচেষ্ঠা সমূহের যে বিষয়টি প্রাধান্য দিয়ে আসছে তা হলো দল সংগঠন। কেননা ও,আর,এ বিশ্বাস করে যে প্রতিটি মানুষেরই সৃষ্ঠিশীল প্রতিভাসমূহ সুপ্ত থাকে যা বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে ঐ সৃষ্টিশীল প্রতিভাসমূহের বিকশিত করতে পারা যায়। মানুষের সেই সুপ্ত প্রাতিভাকে বিকশিত করতে চাই সাংগঠনিক শক্তি। আর দল সংগঠনের মাধ্যমে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি পায় এবং পরস্পরের সৃষ্ঠিশীল ধারনা, বিশ্বাস, ক্ষমতা একত্রিত হয়ে একটি শক্তি সৃষ্টি হয়। দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে এই সহযোগিতার অভাবের ফলে তাদের উন্নতির অন্তরায় দিকগুলো তাদের উন্নতিকে বাধাগ্রস্থ করেছে এবং এক শ্রেনীর স্বার্থান্বেশী মহল তাদের নির্যাতন চালিয়ে শোষন করছে। এই স্বার্থান্বেশী মহল থেকে পরিত্রান পেতে হলে চাই সাংগঠনিক শক্তি। শুধুমাত্র দল সংগঠন হলে চলবেনা, দরকার মজবুত সাংগঠনিক শক্তি। আর সেই সাংগঠনিক শক্তি বৃদ্ধি করতে প্রয়োজন অর্থের। কিন্তু সেই অর্থ আসবে কোথা থেকে ? সেই অর্থ আসার একমাত্র উপায় হলো সঞ্চয়। তাই ও,আর,এ তার লক্ষিত জনগোষ্ঠীর মাঝে সঞ্চয়ের অভ্যাস করানোর মাধ্যমে এই তহবিল গঠনের প্রয়াস চালিয়ে যাচেছ।


**ডিসেম্বর ২০০৮ ইং পর্যন্ত দল গঠন ও সঞ্চয় তহবিল গঠনের সার্বিক তথ্য :**

| ক্র:নং | বিবরন | পুরুষ | মহিলা | মোট | মোট সঞ্চয় |
|---|---|---|---|---|---|
| ০১ | দল গঠন | ৩০ | ১২৪ | ১৫৪ | ৫,২০,৮৫৬.০০ |
| ০২ | দলীয় সদস্য | ২৯৬ | ১৮২৮ | ২১২৮ | |

### ০২. ঋনদান কর্মসূচী:

ও,আর,এ - পি,কে,এস,এফ, এর সংগঠিত দলীয় সদস্যদের সঞ্চয় থেকে সংগৃহীত অর্থের মাধ্যমে সংস্থার ঋনদান কর্মসূচী পরিচালনা করে আসছে। এই কর্মসূচী পালনের ক্ষেত্রে পি,কে,এস,এফ এক বিশেষ গুরূত্বপূর্ন ভূমিকা পালন করছে। পি,কে,এস,এফ এর আওতায় সংস্থায় ঋন দান কর্মসূচীর সেপ্টেম্বর ১৯৯২ইং থেকে শুরু করে অদ্যবদি চালিয়ে যাচ্চে। এ পর্যন্ত সংস্থা পিকেএসএফ থেকে ৩,২১,৫০,০০০.০০ টাকা ঋন হিসেবে গ্রহণ করেছে।

| বৎসর | প্রাপ্ত টাকা | পুঞ্জিভুত টাকা (লক্ষ) |
|---|---|---|
| ২০০১- ২০০৮ ইং | ১,৬৪,৫০,০০০.০০ | ১,৬৪,৫০,০০০.০০ |
| ২০০১ ইং | ২,০০,০০০.০০ | ১,৬৬,৫০,০০০.০০ |
| ২০০২ইং | ১০,০০,০০০.০০ | ১,৭৬,৫০,০০০.০০ |
| ২০০৩ ইং | ২১,০০,০০০.০০ | ১,৯৬,৫০,০০০.০০ |
| ২০০৪ইং | ৩৫,০০,০০০.০০ | ২,৩১,৫০,০০০.০০ |
| ২০০৫ ইং | ২২,০০,০০০.০০ | ২,৫৩,৫০,০০০.০০ |
| ২০০৬ ইং | ২৮,০০,০০০.০০ | ২,৮১,৫০,০০০.০০ |
| ২০০৭ ইং | ২৬,০০,০০০.০০ | ৩,০৭,৫০,০০০.০০ |
| ২০০৮ ইং | ১৪,০০,০০০.০০ | ৩,২১,৫০,০০০.০০ |



ওআরএ ঋন কর্মসূচীর আওতায় ঋন গ্রহনকারী তার গাভীর পরিচর্চায় ব্যবস্থা।

পি,কে,এস,এফ এর আওতায় ঘুর্নায়মান তহবিল হিসাবে ডিসেম্বর - ২০০৮ ইং পর্যন্ত বিতরন করা হয়েছে সাত কোটি চৌরানব্বই লক্ষ ছত্রিশ হাজার দুইশত ( ৭,৯৪,৩৬,২০০.০০) টাকা এবং আদায় হয়েছে সাত কোটি পয়তাল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার চারশত উনিশ (৭,৪৫,৭৫,৪১৯.০০) টাকা বর্তমানে মাঠ পর্যায়ে স্থিতি আছে আট চল্লিশ লক্ষ ষাট হাজার সাতশত একাশি (৪৮,৬০,৭৮১.০০) টাকা।

## ০৩. HIV / AIDS প্রতিরোধ কর্মসূচী:

রুরাল পুওর ডেভলপমেন্ট অর্গানাইজেশন **(আর,পি,ডি,ও)**, লিড এনজিও সহ আরও তিনটি সহযোগী সংস্থা ও,আর,এ , আসর এবং সি,ডি, ডব্লিউ,এফ এর মাধ্যমে আরপিডিও কনসোর্টিয়াম গঠন করে এইচ আই ভি /এইড্স/এসটিডি প্রতিরোধ কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে বিগত আগষ্ট-২০০৪ ইং তারিখে বাংলাদেশ সরকারের পক্ষে ইউনিসেফের সাথে চুক্তি বদ্ধ হয়। সে লক্ষ্যে আরপিডিও কনসোর্টিয়াম বাংলাদেশ সরকারের আর্থায়নে এবং ইউনিসেফ এর কারীগরি সহায়তায় এইচ আই ভি /এইড্স/এসটিডি প্রতিরোধ কর্মসূচী বাস্তবায়ন কল্পে ঢাকা বিভাগের ০৮ টি এবং খুলনা বিভাগের ০৫ টি জেলায় হোটেল ও আবাসিক এলকায় অত্যন্ত ঝুকিপূর্ন জনগোষ্ঠীদের নিয়ে এইচ আই ভি /এইড্স প্রতিরোধ কর্মসূচী চালিয়ে যাচ্ছে। এরি ধারাবাহিকতায় অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট **(ও,আর,এ)** ঢাকা বিভাগের ০২ টি জেলা কিশোরগঞ্জ ও নেত্রকোনায় এইচ আই ভি / এইড্স /এসটিডি প্রতিরোধ কর্মসূচী ৩১ শে ডিসেম্বর-২০০৭ ইং তারিখ পর্যন্ত বাস্তবায়ন করে কিন্তু পরবর্তীতে জানুয়ারী-২০০৮ ইং তারিখ থেকে এ কর্মসুচীটি এইচআইভি এইডস টার্গেটেড ইন্টারভেনশন ( হাটি) নামকরণ করে সেন্টার ফর ডেভলপমেন্ট সার্ভিসেস **(সিডিএস)** কনর্সোটিয়ামের মাধ্যমে বর্তমান সময় পর্যন্ত কাজ করে যাচ্ছে।

### প্রকল্পের লক্ষ্য :

হোটেল ও আবাসিক এলাকায় অত্যন্ত ঝুঁকিপূর্ন জনগোষ্ঠীর মাঝে এইচ আই ভি এইড্স/এসটিডি সংক্রমন সংক্রান্ত প্রতিরোধের সক্ষমতা বৃদ্ধি করা।

### প্রকল্পের উদ্দেশ্য :

- হোটেল ও আবাসিক এলকায় অত্যন্ত ঝুঁকিপূর্ন জনগোষ্ঠীর মাঝে এইচ আই ভি/এইড্স সংক্রান্ত সচেতনতা বৃদ্ধি করা।
- এইচ আই ভি /এইড্স/এসটিডি কমিয়ে আনার লক্ষ্যে আচরনগত পরিবর্তনের জোর প্রচেষ্টা ( একক ও দলীয় আলোচনার মাধ্যমে)
- অত্যন্ত ঝুকিপূর্ন জনগোষ্ঠীর মাঝে প্রবক্তনা কর্মসূচী চালু করা।
- ক্লিনিকের মাধ্যমে রোগীদের চিকিৎসা সেবা ও বিনামূল্যে ঔষধ প্রদানও রেফারেল সেবা নিশ্চিত করা।
- অত্যন্ত ঝুঁকিপূর্ন জনগোষ্ঠীর মাঝে কনডমের ব্যবহার নিশ্চিত করা।

### ডিসেম্বর ২০০৮ ইং পর্যন্ত বাস্তবায়িত কার্য্যক্রম সমুহ :

ক).ঝুঁকি পূর্ন জনগোষ্ঠীর সাথে একক ও দলীয় আলোচনা করা।
খ) যৌন কর্মীদের সাথে এইচআই ভি /এইড্স/এসটিআই সংক্রান্ত কাউন্সিলিং করা।
গ). যৌন রোগী চিহ্নিত করন।
ঘ). রোগীদের ক্লিনিকে আনা ও বিনামূল্যে ঔষধ সেবা সহ চিকিৎসা সেবা প্রদান করা।
ঙ). অত্যন্ত ঝুঁকিপূর্ন জনগোষ্ঠীর মাঝে কনডমের সঠিক ব্যবহার সম্পর্কে আলোচনা করা।
চ) জেলা ও উপজেলা পর্যায়ে সরকারী ও বেসরকারী কর্মকর্তা,সামাজিক,রাজনৈতিক এবং ধর্মীয় নেতাদের নিয়ে কর্মশালার আয়োজন করা।
ছ) বিনা মূল্যে সাধারন রোগীর চিকিৎসা সেবা প্রদান করা।
চ) গন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ব এইডস দিবস পালন ও র‍্যালীর আয়োজন করা।

### দলীয় আলোচনা ও একক আলোচনায় অংশ গ্রহন কারীর সংখ্যা :

| জেলা | দলীয় আলোচনা | | একক আলোচনা | মোট জন |
|---|---|---|---|---|
| | দল # | অংশগ্রহনকারী | অংশগ্রহনকারী | |
| কিশোরগঞ্জ | ৩২৯ | ১৬১৭ | ৫৩৭১ | ৬৯৮৮ |
| নেত্রকোনা | ২০৪ | ১২৭১ | ২৬৯০ | ৩৯৬১ |
| সর্বমোট | ৫৩৩ | ২৮৮৩ | ৮০৬১ | ১০৯৪৯ |

**দলীয় আলোচনা ও একক আলোচনার বিষয় সমূহ :**

- প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য
- এইচ আই ভি /এইড্স/এসটিডি কি? কিভাবে ছড়ায় ও এর প্রতিকার।
- কনডম ব্যবহারের সঠিক নিয়ম।
- যৌন রোগ সম্পর্কে ধারনা।
- ক্লিনিক্যাল সেবা সম্পর্কে ধারনা প্রদান এবং প্রাপ্ত সুযোগ সুবিধা সম্পর্কে আলোচনা।

**এ্যাডভোকেসী :**

ডিআইসি ইনচার্জ বিভিন্ন পেশায় কর্মরত যেমন সরকারী বেসরকারী কর্মকর্তা ,হোটেল ম্যানেজার , হোটেল বয় ও স্থানীয় নেতৃবৃন্দদের ব্যাক্তিবর্গের সংগে এ্যাডভোকেসী করেন ।

| জেলা | এ্যাডভোকেসী | |
|---|---|---|
| | সংখ্যা | অংশগ্রহনকারী |
| কিশোরগঞ্জ | ০৪ | ১০০ |
| নেত্রকোনা | ০৯ | ১৬২ |
| সর্বমোট | ১৩ | ২৬২ |



HIV / AIDS Targeted Intervention প্রকল্পের ওআরএ কিশোরগঞ্জ ডিআইসি কর্তৃক আয়োজিত প্রজেক্ট ফ্যাসিলিটেশন মিটিং এ বক্তব্য রাখছেন প্রজেক্ট ফ্যাসিলিটেশন টিমের সভাপতি কিশোরগঞ্জ জেলার মাননীয় সিভিল সার্জন।

**ক্লিনিকেল সেবা :**

প্রতিটি ডিআইসিতেই ডাক্তারের ব্যবস্থাপত্র অনুযায়ী সপ্তাহে তিনদিন নিয়মিত ভাবে রোগী দেখা এবং ঔষধ প্রদান করা হচ্ছে। পুরাতন রোগীদেরর ফলোআপ করা হয়। ফলোআপের বিষয় সমূহ নিম্নরুপ:

- নিয়মিত ঔষধ সেবন
- নির্ধারিত তারিখ অনুযায়ী ডাক্তারকে তার রোগের পরিস্থিতি অবহিত করা ও সঠিক পদ্ধতিতে কনডম ব্যবহার নিশ্চিত করা এবং এর ব্যবহার বৃদ্ধি করা। নিম্নে ক্লিনিকেল সেবার তথ্য প্রদান করা হলো:

| জেলা | সেবা প্রাপ্তদের সংখ্যা | | | |
|---|---|---|---|---|
| | মহিলা | পুরুষ | শিশু | সর্ব মোট |
| কিশোরগঞ্জ | ৪৪৩ | ৩৪২ | - | ৭৮৫ |
| নেত্রকোনা | ৬০৮ | - | - | ৬০৮ |
| মোট | ১০৫১ | ৩৪২ | - | ১৩৯৩ |

**কনডম বিতরন:**

এইচ আইভি এইড্স প্রতিরোধের অন্যতম উপায় হলো যৌন মিলনের সময় কনডম ব্যবহার করা কিন্ত জনগনের সচেতনতার অভাবে কনডম ব্যবহারে অনীহা রয়েছে। আর এই সচেতনতা বৃদ্ধি করে সঠিক কনডম ব্যবহারে উদ্ভোদ্ধ করন করার লক্ষ্যে ২০০৮ ইং তারিখে কিশোরগঞ্জ ডিআইসি-র মাধ্যমে ৫৬৪০০ টি কনডম এবং নেত্রকোনা ডিআইসির মাধ্যমে ৬৩৬০০ টি কনডম বিতরন করা হয়েছে।

**কর্মী প্রশিক্ষন :**

| প্রশিক্ষনের নাম | প্রশিক্ষনের মেয়াদ কাল | মহিলা | পুরুষ | মোট |
|---|---|---|---|---|
| Project Orientation | ০৩ দিন | ০১ | ০১ | ০২ জন |
| ডিআইসি ব্যবস্থাপনা প্রশিক্ষণ | ০৪ দিন | ০১ | ০১ | ০২ জন |
| HIV/AIDS Counceling Trainng. | ০৩ দিন | ০২ | - | ০২ জন |
| Peer Education-প্রশিক্ষণ | ০৩ দিন | ০৯ | - | ০৯ জন |

### পরিকল্পনা বর্হিভূত কার্যক্রমঃ

২০০৮ সনে কিশোরগঞ্জ জেলা আনসার /ভিডিপি অফিসের সহযোগীতায় ৬০ জন আনসার /ভিডিপি সদস্যদের সাথে এইচআইভি এইড্স প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। তা ছাড়াও জনগনের মাঝে সচেতনতা সৃষ্টির লক্ষে বিশ্ব এইডস দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মশালা, আলোচনা সভা এবং র‍্যালীর আয়োজন করা হয়েছে।




ওআরএ কিশোরগঞ্জ ডিআইসি কর্তৃক আয়োজিত সমাজের সুশীল ব্যক্তিদের সাথে HIV / AIDS Targeted Intervention Project নিয়ে মত বিনিময় সভা পরিচালনা করছেন কিশোরগঞ্জের DIC Manager আঞ্জুমান আরা বেগম।

## ০৪. সৌহার্দ্য কর্মসুচীঃ

### সৌহার্দ্য কর্মসূচীর লক্ষ্য ও উদ্দেশ্যঃ

২০০৯ সালের মধ্যে বাংলাদেশের মোট ১৮ টি জেলার ৪ লক্ষ দুঃস্থ্য পরিবারের স্থায়ী এবং অস্থায়ী খাদ্য অনিশ্চয়তা স্থায়ীভাবে কমিয়ে আনা।

### সুনির্দিষ্ট উদ্দেশ্য সমূহঃ

**সুনির্দিষ্ট উদ্দেশ্য -১ :**

লক্ষ্যিত খানাগুলোর অধিকার সংরক্ষন ও সেবাদানকারী সংস্থাসমূহের জবাবদিহিতা বৃদ্ধিকরনের মাধ্যমে দূর্দশাগ্রস্থ খানার সেবার প্রাপ্যতা ও তাদের খাদ্য নিশ্চয়তা বিধানে অর্থনৈতিক সুযোগের উন্নয়ন ঘটিয়ে জীবনযাত্রার মান বৃদ্ধি করা।

**সুনির্দিষ্ট উদ্দেশ্য ২ :**

প্রকল্পভূক্ত জনগোষ্ঠীর স্বাস্থ্য ও পুষ্টির টেকসই উন্নয়ন করা।

**সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ ৩**

লক্ষ্যিত ঝুকিপূর্ণ খানার ৪ লক্ষ নারী এবং বালিকার ক্ষমতায়ন বৃদ্ধি করা।

**সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ ৪**

লক্ষ্যিত জনগোষ্ঠী ও প্রতিষ্ঠান সমূহ প্রাকৃতিক দুর্যোগ প্রস্তুতি, প্রশমন ও সাড়া প্রদানে কার্যকর ভাবে সক্ষম করা ।

### সৌহার্দ্য কর্মসূচীর মূলবার্তাঃ

স্থানীয় জনগোষ্ঠি, তাদের নিজস্ব সমস্যা সমাধানে উদ্যোগী হয়ে কার্যকরী ভূমিকা পালনের মাধ্যমে নিজেদেরকে নিজেদের সমস্যা সমাধানকারী হিসেবে গড়ে তুলবে এবং স্থানীয় সেবেদানকারী প্রতিষ্ঠান/ব্যক্তি/কার্যালয়গুলোর সেবা প্রদানে কার্যকরী সহযোগীতা প্রাপ্তি নিশ্চিত করবেন।

### সৌহার্দ্য কর্মসূচীর নীতিমালাঃ

- অতি দরিদ্রদের অগ্রাধিকার দেয়া
- কমিউনিটি কর্তৃক পরিচালিত অংশ গ্রহন মূলক প্রক্রিয়া (Community Led Process)
- বিদ্যমান গ্রুপ / প্রতিষ্ঠানের অগ্রাধিকার দেয়া
- অবকাঠামোগত কাজের পূর্বে Software-এর কাজ করা।
- স্থানীয় / প্রচলিত জ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষ সাধন করা।
- অবহেলিত এলাকা এবং অবহেলিত জনগোষ্ঠীকে অগ্রাধিকার দেয়া।
- নারী পুরুষের সাম্যতা” ষিয়টিকে সত্যিকার অর্থে কার্যকর করা।
- অধিকার ভিত্তিক কর্মসুচীর উপর গুরুত্ব আরোপ করা।
- পরিবেশগত সমীক্ষা ও পরিবীক্ষন করা।
- অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করা, ঠিকাদারীর ভিত্তিতে নয়।

### সৌহার্দ্য কর্মসূচীর এ্যাপ্রোচ সমূহঃ

কমিউনিটি লেড এ্যাপ্রোচ (Community Led Approach)

অধিকার ভির্ত্তিক এ্যাপ্রোচ (Rights Based Approach)

অংশীদারিত্বমূলক এ্যাপ্রোচ (Partnership Approach)

সোহার্দ্য কর্মসূচীর আওতায় প্রথমত দু ধরনের কাজ হয়ে থাকে যেমন কাঠামোগত ও অকাঠামোগত কাজ।

## কাঠামোগত উন্নয়ন কার্যক্রম :

সৌহার্দ্যে কর্মসূচী কিছু কাঠামোগত উন্নয়নমূলক কাজ করে থাকে সেগুলো হলঃ

- কমিউনিটি রিসোর্স সেন্টার (সিআরসি) নির্মান
- বাজার নির্মান
- সামাজিক স্থান (Community Place) উচুকরণ
- গ্রাম সম্প্রসারণ (Mound Extension)
- পুকুর/খাল খনন বা পুন: খনন
- স্কুল বা বাজার সংযোগ সড়ক নির্মান
- গ্রাম প্রতিরক্ষা দেয়াল নির্মান
- গভীর ও অগভীর নলকূপ নির্মাণ
- গ্রুপ লেট্রিন স্থাপন
- টিউব ওয়েল মেরামত
- ইউনিয়ন কমপ্লেক্স নির্মাণ



ওআরএ-সৌহার্দ্য কর্মসূচীর আওতায় ইটনা উপজেলার ধনপুর ইউনিয়নে শুভদ্রপুর গ্রামের স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ১০ কিলোমিটার বেড়ীবাধ সম্পন্ন করন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন CARE-কিশোরগঞ্জের RC জনাব জাকির এ খান পাশে মঞ্চে উপবিষ্ট ওআরএ এর নির্বাহী পরিচালক এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম।

কাঠামোগত কাজ : (শুরু হতে বর্তমান সময় পর্যন্ত অর্জন)

| কাজের ধরন | করিমগঞ্জ উপজেলা | | ইটনা উপজেলা | | তাড়াইল উপজেলা | |
|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্য মাত্রা | অর্জন | লক্ষ্য মাত্রা | অর্জন | লক্ষ্য মাত্রা | অর্জন |
| কমিউনিটি রিসোর্স সেন্টার তৈরী | ০১ | ০১ টি | ০১ টি | ১ টি | ১ টি | ১ টি |
| কমিউনিটি প্লেইস উন্নয়ন | ২ টি | ২ টি | ৪ টি | ৪ টি | ১ টি | ১ টি |
| মাটি ভরাট করে গ্রাম সম্প্রসারন | - | - | ৬ টি | ৬ টি | - | - |
| কমিউনিটি লেট্রিন তৈরী | ৪ টি | ৪ টি | ৪ টি | ৪ টি | ২ টি | ২ টি |
| ফসল রক্ষা বাধ তৈরী | - | - | ২ টি | ২ টি | - | - |
| গ্রাম প্রতিরক্ষা দেয়াল তৈরী | - | - | ২ টি | ২ টি | - | - |

## অবকাঠামোগত কাজ সমুহ:

- প্রত্যেকটি গ্রামে গ্রাম উন্নয়ন কমিটি গঠন করা
- বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রাম ও ইউনিয়ন পর্যায়ে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন
- স্কুল ব্যবস্থাপনা কমিটি (এস এম সি) ও প্যারেন্ট টিচার এসোসিয়েশন (পি টি এ) গঠন
- সঞ্চয় দল, কিশোর-কিশোরী দল, মায়েদের দল ও সাংস্কৃতিক দল গঠন



সৌহার্দ্য কর্মসূচীর আওতায় আনোয়ার পুর গ্রামের লেট্রিন পরিদর্শন করে পায়খানার সামনেই আলোচনা করছেন ওআরএ-এর নির্বাহী পরিচালক এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম।

## দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ:

- মাঠ ফসল আবাদ প্রশিক্ষন
- শাক সবজী আবাদ প্রশিক্ষণ
- সমন্বিত বসতবাড়ি উন্নয়ন প্রশিক্ষন
- মৎস চাষ প্রশিক্ষন
- আই জি এ প্রশিক্ষন

## নির্দিষ্ট উপকারভোগীদের মাঝে আয় ও কর্ম সংস্থান সৃষ্টির লক্ষ্যে নিম্নোক্ত উপকরনগুলো প্রদান করা হয় :

- সবজির বীজ বিতরন
- ফলজ ও বনজ গাছের চারা বিতরন
- হাঁস-মুরগীর বাচ্চা বিতরন
- গরু-ছাগলের বাচ্চা বিতরন

- মাছের পোনা বিতরন
- নৌকা বিতরন
- মাছ ধরার জন্য জাল বিতরন।
- সেলাই মেশিন বিতরন।
- রিক্সা বিতরন।

**সৌহার্দ্যে কর্মসূচীতে খাদ্য সহায়তার ধরন:**

- কাজের বিনিময়ে খাদ্য- আকাল/মন্দাকালীন সময়ে সাময়িক কর্মসংস্থান। কাজের বিনিময়ে খাদ্য কর্মসূচী অভাবকালীন সময়ে পরিচালিত হবে। ভৌগলিক অঞ্চল ভেদে কাজের বিনিময়ে খাদ্যকর্মসূচী বিভিন্ন সময়ে পরিচালিত হবে ।
- গর্ভবতী ও ০-২ বছর বয়সী শিশুর মায়েদের- পুষ্টি চাহিদা পূরণ
- দূর্যোগ কালীন বিশেষ মূহূর্তে জরুরী ত্রান প্রদান।




ইউনিয়ন দুর্যোগ সেচ্ছা সেবকদের দুই দিনের প্রশিক্ষন সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন করিমগঞ্জ উপজেলার মাননীয় ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত আছেন সহকারী কমিশনার (ভূমি), করিমগঞ্জ।

**সৌহার্দ্যে কর্মসূচীর অন্যান্য কার্যক্রম :**

- লক্ষিত খানা ও গ্রাম গুলোতে ১০০% স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যাবহার নিশ্চিত করা
- লক্ষিত গ্রাম গুলোতে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা
- সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান গুলোর সাথে গ্রামবাসীদের নিয়ে গ্রাম/ইউনিয়ন/ উপজেলা পর্যায়ে মিটিং/কর্মশালা করা।
- বিভিন্ন উন্নয়ন কমিটি গঠন ও পূণ:গঠন করা।
- নারীদের ক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ এবং সহায়তা প্রদান।
- লক্ষিত জনগোষ্ঠীকে সরকারী কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের সাথে সম্পৃক্ত করা এবং সেবা পাওয়ার সুযোগ সৃষ্টি করা
- বিভিন্ন সচেতন মূলক ক্যাম্পেইন, র‌্যালী, কর্মশালা ও আলোচনা সভা করা।

**এক নজরে ২০০৮ ইং সন পর্যন্ত সৌহার্দ্দ কর্মসুচীর উল্লেখযোগ্য কাজের অগ্রগতি:**

- ইনপুট সার্পোট প্রদান:

| ক্র.নং | বিবরন | উপজেলার নাম ও উপকৃতের সংখ্যা | | | মোট |
|---|---|---|---|---|---|
| | | করিমগঞ্জ | ইটনা | তাড়াইল | |
| ০১ | রিক্সা বিতরন | ২৭ টি | ১০ টি | ১৩ টি | ৫০ টি |
| ০২ | ছাগল বিতরন | ৬১১ টি | ৬৪৩ টি | ১৭২ টি | ১৪২৬ টি |
| ০৩ | গরু বিতরন | ২৭৩ টি | ৪১১ টি | ৬৫ টি | ৭৪৯ টি |
| ০৪ | আয় বৃদ্ধি মূলক কাজ এর জন্য নগদ (৩০০০-৪০০০) টাকা প্রদান | ১৯৬ জন | ৪৩৩ জন | ১১৪ জন | ৭৪৩ জন |
| ০৫ | ফলের চারা বিতরন ১০ টি করে | ৬২১ জন | ১১০৯ জন | ৪২৫ জন | ২১৫৫ জন |
| ০৬ | শাক সবজীর বীজ বিতরন (৩০০-৪০০) টাকা | ৫৫০ জন | ২১৬২ জন | ৩৪৭ জন | ৩০৫৯ জন |
| ০৭ | নৌকা | ৫০ টি | ১৪৪ টি | ৫৬ টি | ২৫০ টি |
| ০৮ | জাল | ২৬ টি | ১৪ টি | - | ৪০ টি |
| ০৯ | মাছের পোনা বিতরন ৫০০ টি করে | ৫০ জন | ৪৭ জন | - | ৯৭ জন |

- শিক্ষা কার্যক্রম ২০০৮ ইং এর তথ্য:


| কাজের ধরন | গ্রাম | ইউনিয়ন | উপজেলা | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ছাত্র | ছাত্রী | মোট |
| আরলি চাইল্ডহোড ডেভলেপমেন্ট | ০৮ টি | ০৪ টি | করিমগঞ্জ | ০৮ টি | ১৭ জন | ২৪৩ জন | ২৬০ জন |
| | ০২ টি | ০১ টি | তাড়াইল | ০২ টি | ৪০ জন | ৭০ জন | ১১০ জন |
| | ১৭ টি | ০৯ টি | ইটনা | ১৮ টি | ৪১৩ জন | ৫৬৭ জন | ৯৮০ জন |
| | | | | মোট ছাত্র ছাত্রী | ৪৭০ জন | ৮৮০ জন | ১৩৫০ জন |
| একতা দল | ০৩ টি | ০২ টি | করিমগঞ্জ | ০৩ টি | - | ৯০ জন | ৯০ জন |
| | ০৬ টি | ০৬ টি | ইটনা | ০৬ টি | - | ১৮০ জন | ১৮০ জন |
| | | | | মোট ছাত্র ছাত্রী | | ২৭০ জন | ২৭০ জন |

- স্বাস্থ্য পুষ্টি কার্যক্রম:

| ক্র.নং | খাবার বিতরন | উপজেলার নাম ও উপকৃতের সংখ্যা | | | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | করিমগঞ্জ | ইটনা | তাড়াইল | | প্রতিমাসে একজন গর্ভবতী ও দুগ্ধবতী মায়ের প্রাপ্ত রেশন গম-১২ কেজি, তেল-১.৫ কেজি, ডাল-০.৫ কেজি |
| ০১ | গর্ভবতী মাদের জন্য পুষ্টিকর সম্পুরক খাবার প্রদান | ১৭২৪ জন | ১২৯১ জন | ৪৮১ জন | ৩৪৯৬ জন | |
| ০২ | দুগ্ধবতী মাদের জন্য পুষ্টিকর সম্পুরক খাবার প্রদান | ১২৯০ জন | ৩৫৩০ জন | ৩৪৩ জন | ৯৯৮৩জন | |

**ওয়াটার এন্ড স্যানিটেশস সংক্রান্ত:**

| কাজের ধরন | করিমগঞ্জ উপজেলা | ইটনা উপজেলা | তাড়াইল উপজেলা | মোট |
|---|---|---|---|---|
| ডিপ টিউবওয়েল স্থাপন | ৪ টি | ৩ টি | ১ টি | **০৮ টি** |
| টিউবওয়েল মেরামত | ১৬ টি | ৩১ টি | ৩ টি | **৫০ টি** |
| ১০০ % স্যানিটেশন গ্রাম | ৭ টি | ৪৩ টি | ৪ টি | **৫৪ টি** |



**সৌহার্দ্য কর্মসুচীর আওতায় নির্মীত কমিউনিটি লেট্রিন**

## ০৫.নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন :

### ক.স্বাস্থ্য সম্মত পায়খানা বিতরন:

স্বাস্থ্যই সকল সুখের মূল এটা সর্বজন স্বীকৃত। কিন্তু দেশের অধিকাংশ জনগোষ্ঠীর স্বাস্থ্য সচেতনতার অভাবে সারা বৎসর রোগাক্রান্ত হয়ে ভুগতে হয় তাদের। স্বাস্থ্য সচেতনতার অভাব দারিদ্রতার একটি অত্যন্ত গুরূত্বপূর্ন কারন হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। তাই সরকারী কর্মকান্ডের পাশাপাশি ও,আর,এ ১৯৯৩ সাল থেকেই প্রকল্প এলাকায় এনজিও ফোরাম ফর ড্রিকিং ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন এর আর্থিক ও কারিগরী সহায়তায় স্বাস্থ্য শিক্ষা কর্মসূচী চালিয়ে আসছ। স্বাস্থ্য শিক্ষার বিষয়গুলি হলোঃ

→ সকল কাজে নিরাপদ পানি ব্যবহার করা।

→ স্বাস্থ্য সম্মত পায়খানা তৈরী ও ব্যবহার করন।

→ ব্যক্তি স্বাস্থ্য ও পরিস্কার পরিচ্ছন্নতা।

**এ কাজ গুলোর সঠিক বাস্তবায়ন কল্পে নিম্নোক্ত কাজগুলু করা হয়: যেমন**

- গ্রাম উন্নয়ন কমিটি মিটিং
- উঠান বৈঠক
- স্কুল মিটিং
- দলীয় মিটিং
- ইমাম ওরিয়েন্টেশন

## ০৬. আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষাঃ

### বিদ্যালয়বীহিন গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন

শিক্ষা সর্বত্র মানুষের অধিকার হিসাবে স্বীকৃত। বিশ্বব্যাপী শিক্ষার গুরুত্ব তুলে ধরা হচ্ছে , মানুষও ক্রমবর্ধমানভাবে তাতে আগ্রহ প্রকাশ করছে। বাংলাদেশের সংবিধানে সকল নাগরিকের জন্য শিক্ষা 'মৌলিক অধিকার' হিসেবে স্বীকৃত। শিক্ষা প্রসারের সর্বাত্মক চেষ্টা একটি গণতান্ত্রিক উদ্যোগ হয়ে উঠতে পারে । এজন্য দরকার শিক্ষা নীতি ,পরিকল্পনা ও বাস্তবায়ন প্রক্রিয়ার গণতন্ত্রায়ন। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট , প্রাথমিক ও গন শিক্ষা মন্ত্রনালয় শিক্ষা ভবন, ঢাকা এর আর্থিক সহায়তায় কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার জাফরাবাদ ইউনিয়নের বিদ্যালয় বিহীন গ্রাম মাঝিরকোনায় একটি ৭০ ফুট দীর্ঘ বারান্দা সহ চৌচালা টিনের ঘর তৈরী করা হয়। স্কুল গৃহটি ডিসেম্বর ২০০৪ ইং তারিখে সম্পন্ন করে বর্তমানে ১৫০ জন ছাত্র-ছাত্রী ও চার জন শিক্ষক শিক্ষয়ীত্রি নিয়ে স্কুলটি প্রতিষ্ঠা কারী সংস্থা ও,আর,এ এবং উপজেলা শিক্ষা কর্মকতার্র সার্বিক তত্বাবধানে পরিচালিত হচ্ছে।

## ০৬. উপানুষ্ঠানিক শিক্ষাঃ

### ০৬.ক. উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষাঃ

কিশোরগঞ্জ জেলার মাঝে করিমগঞ্জ উপজেলার বেশরি ভাগ এলাকাই হলো হাওর এলাকা। বর্তমানে কিশোরগঞ্জে সাক্ষরতার হার প্রায় ৬০%। এর মাঝে করিমগঞ্জের অবস্থা আরও করুন। যা হউক পিছিয়ে পরা জন গোষ্ঠীর ছেলে মেয়েদের সাক্ষরতার হার বৃদ্ধির লক্ষ্যে ব্রাক এর সহায়তায় নভেম্বর-২০০৩ ইং হতে শুরু করে ডিসেম্বর-২০০৫ ইং তারিখ পর্যন্ত ১০ টি শিক্ষা কেন্দের মাধ্যমে ৩০০ জন এবং পরবর্তীতে পুনরায় জানুয়ারী ২০০৬ ইং তারিখ থেকে তিন বৎসর মেয়াদী ১০ টি শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৩০০ জন ছাত্র ছাত্রী ডিসেম্বর-২০০৮ ইং তারিখ পর্যন্ত সফলতার সাথে কোর্স সম্পন্ন করে বর্তমানে তারা উচ্চতর ক্লাশে শিক্ষা চালিয়ে যাচ্ছে। তা ছাড়া EC-এর অর্থায়নে নভেম্বর-২০০৭ ইং থেকে ডিসেম্বর-২০১০ ইং পর্যন্ত সমাজে পিছিয়ে পড়া ছেলে মেয়েদের জন্য ৩৮ স্কুল শুরু হয়েছে। নিম্নে স্কুলের তথ্য প্রদান করা হলোঃ

- **ব্র্যাক-এর সহায়তায় পরিচালিত জানুয়ারী-২০০৬ ইং থেকে ডিসেম্বর-২০০৮ ইং পর্যন্ত স্কুলের তথ্যঃ**

| জেলার নাম | উপজেলা | ইউনিয়ন | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | ছাত্র | ছাত্রী | |
| কিশোরগঞ্জ | করিমগঞ্জ | নোয়াবাদ | ০৪ টি | ২৮ জন | ৯২ জন | ৩০০ জন |
| | | করিমগঞ্জ | ০৩ টি | ২৩ জন | ৬৭ জন | |
| | | বারঘরিয়া | ০১ টি | ০৮ জন | ২২ জন | |
| | | দেহুন্দা | ০২ টি | ১৪ জন | ৪৬ জন | |

- **EC-এর অর্থায়নে পরিচালিত স্কুলের তথ্যঃ**

| জেলার নাম | উপজেলা | ইউনিয়ন | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | মোট |
|---|---|---|---|---|---|---|
| | | | | ছাত্র | ছাত্রী | |
| | | নোয়াবাদ | ০৫ টি | ৪২জন | ১০৮ জন | ১৫০ জন |
| কিশোরগঞ্জ | করিমগঞ্জ | জয়কা | ০৮ টি | ৬২ জন | ১৭৮ জন | ২৪০ জন |
| | | বারঘরিয়া | ০৪ টি | ৩৫ জন | ৮৫ জন | ১২০ জন |
| | | কাদির জংগল | ০৪ টি | ৩৬ জন | ৮৪ জন | ১২০ জন |
| | | জাফরাবাদ | ০৭ টি | ৫৬ জন | ১৫৪ জন | ২১০ জন |
| | | নিয়ামতপুর | ০৫ টি | ৪১ জন | ১০৯ জন | ১৫০ জন |
| | | করিমগঞ্জ | ০৪ টি | ৩৬ জন | ৮৪ জন | ১২০ জন |
| | | দেহুন্দা | ০১ টি | ০৯ জন | ২১ জন | ৩০ জন |
| | মোট | ০৮ টি | ৩৮ টি | ৩১৭ জন | ৮২৩ জন | ১১৪০ জন |

### ০৬.খঃ রিচিং আউট অব স্কুল চিল্ড্রেন (রস্ক প্রকল্প)

সবার জন্য শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে গন প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার হাতে নিয়েছে ঝরে পরা ছাত্র ছাত্রীদের জন্য **রিচিং আউট অব স্কুল চিল্ড্রেন (রস্ক প্রকল্প) যা আনন্দ** স্কুল নামে পরিচিত। স্কুলটি পরিচালিত হবে পাঁচ বৎসরের জন্য। ও,আর,এ রস্ক প্রকল্প বাস্তবায়ন করার জন্য ইতোমধ্যেই চুক্তি বদ্ব হয়েছে। জুলাই ২০০৫ ইং তারিখ থেকে কার্যক্রম শুরু হয়ে বর্তমান সময় পর্যন্ত কার্যক্রম এর তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

| জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়নের নাম | কেন্দ্রের সংখ্যা | শিক্ষার্থীর সংখ্যা | | | সহায়ক সহায়িকার সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ছেলে | মেয়ে | মোট | পুরুষ | মহিলা | মোট |
| কিশোরগঞ্জ | করিমগঞ্জ | দেহুন্দা | ০৫ টি | ৬২ | ৬৯ | ১৩১ | ০৫ জন | ১৩ জন | ১৮ জন |
| | | নিয়ামতপুর | ০৫ টি | ৬৭ | ৬০ | ১২৭ | | | |
| | | নোয়াবাদ | ০৮ টি | ৯২ | ১৩১ | ২২৩ | | | |
| | মোট | ০৩ | ১৮ টি | ২২১ | ২৬০ | ৪৮১ | ০৫ জন | ১৩ জন | ১৮ জন |

## ০৭. বিনা মূল্যে ঔষধ ও চিকিৎসা সেবা প্রদান :

বিগত ২০০৮ইং সনের মে মাসে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের বিশেষ বরাদ্দ থেকে প্রাপ্ত ১,৫০,০০০.০০ টাকা দিয়ে কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার কাদির জঙ্গল, জাফরাবাদ, নোয়াবাদ, গুজাদিয়া এবং জয়কা ইউনিয়নের প্রায় বিশ হাজার গরীব মানুষের মাঝে বিনামূল্যে ঔষধ ও চিকিৎসা সেবা প্রদান করা হয়।



স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সহায়তায় দরিদ্র, জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে ঔষধ বিতরন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন করিমগঞ্জ উপজেলার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: জহুরুল হক পাশে সংস্থার নির্বাহী পরিচালক এ্যাড. ফকির মো:মাজহারুল ইসলাম।

## ০৮. মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি শিক্ষা :

ফেব্রুয়ারী-২০০৮ইং থেকে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের আর্থিক সহায়তায় কিশোরগঞ্জ জেলার অধীন করিমগঞ্জ উপজেলার হাওর প্রবন সুতারপাড়া ইউনিয়নে অতি দরিদ্র ৩০০ জন মাদের নিয়ে এ কর্মসূচী চালু হয়।

**কর্মসূচীর লক্ষ্যঃ**

লক্ষিত মাদের মাঝে মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি সম্পর্কে সচেতনতা সৃষ্টির মাধ্যমে তাদের খাদ্যাভাস পরিবর্তন করে লক্ষিত জনগোষ্ঠীর স্বাস্থ্য পুষ্টির মান উন্নয়ন।




BNFফান্ডের সহায়তায় মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি বিষয়ক কর্মসূচীর কর্মী ও ভলান্টিয়ারদের মৌলিক প্রশিক্ষণে বক্তব্য রাখছেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

### কর্মসূচীর উদ্দেশ্য :

- মা ও শিশুদের পুষ্টি সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা।
- শাক সব্জীর বাগান প্রতিষ্ঠা করে পুষ্টির চাহিদা মেটানো।
- ব্যক্তি স্বাস্থ্য ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।
- প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করে কর্মসূচী বাস্তবায়নে
- সহযোগীতা দান।

### গত এক বছরে কাজের অগ্রগতি :

| ক্র.নং | কাজের ধরন | ইউনিট সংখ্যা | সংখ্যা |
|---|---|---|---|
| ০১ | জরিপ করা | ১ টি | ৩০০ জন |
| ০২ | কর্মী ও ভলান্টিয়ারদের মৌলিক প্রশিক্ষণ | ১ টি | ১১ জন |
| ০৩ | ইউনিয়ন কর্মশালা | ১ টি | ৩০ জন |
| ০৪ | মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি বিষয়ক পোষ্টার তৈরী | ১ টি | ১০০০টি |
| ০৫ | শাক সব্জী বাগান ব্যবস্থাপনা প্রশিক্ষণ | ৮ টি | ২০০ জন |
| ০৬ | পুষ্টি প্রদর্শন সেশন | ২৭ টি | ৩০০ জন |
| ০৭ | মাদের সাথে সেশন পরিচালন | ২৭ টি | ৩০০ জন |
| ০৮ | রিং স্লাব বিতরন | ১ ২ সেট | ১২ পরিবার |
| ০৯ | বীজ বিতরন | - | ৩০০ জন |



BNF ফান্ডের সহায়তায় মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি বিষয়ক কর্মসূচীর আওতায় সুতার পাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মেম্বার ও গন্যমান্য ব্যক্তিদের নিয়ে কর্মশালায় কর্মসূচীর উদ্দেশ্য ও বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে আলোচনা করছেন সংস্থার নির্বাহী পরিচালক পাশে উপবিশষ্ট চেয়ারম্যান মো: সিরাজুল ইসলাম চৌধুরী।

### ০৯. শিশু বিকাশ কেন্দ্র : (Early Childhood Education Program)

প্রকল্প এলাকার পিছিয়ে পড়া জনগোষ্ঠীর ছেলেমেয়েদের স্কুলমুখী করার লক্ষ্যে নিকলী উপজেলার আওতায় নিকলী ইউনিয়নে কমিউনিটি কন্ট্রিবিউশনের মাধ্যমে ০৫ টি শিশু শিক্ষা কেন্দ্র পরিচালনা করার লক্ষ্যে নভেম্বর-২০০৮ইং থেকে নিকলী উপজেলায় সার্ভে ও আনুসংগিক কাজ আরম্ভ হয়।

### ১০. শিক্ষার মান উন্নয়নে চাহিদা ভিত্তিক কার্যক্রম:

শিক্ষাই জাতির মেরুদন্ড। এ নীতিকে সামনে রেখেই ওআরএ তার সামর্থ অনুযায়ী শিক্ষার মান উন্নয়নে গনসাক্ষরতা অভিযানের একটি সহযোগী সংগঠন হিসেবে বিভিন্ন কার্যক্রম যথা, সেমিনার ও পাঠক মতামত যাচাই ইত্যাদি কর্মসূচী চাহিদা মোতাবেক আয়োজন ও বাস্তবায়ন করা হয়ে থাকে। এ ছাড়াও আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে আলোচনা অনুষ্ঠান, র‍্যালি ইত্যাদির মাধ্যমে সর্বসাধারণের মাঝে গন সচেতনতা সৃষ্টি করা হয়।

### ১১. শিশু পাচার প্রতিরোধ বিষয়ক কর্মশালা:

অর্গানাইজেশন ফর রুরাল এ্যাডভান্সমেন্ট (ও,আর,এ) বাংলাদেশ শিশু অধিকার ফোরম-ঢাকার একটি সহযোগী সংগঠন হিসেবে শিশুদের অধীকার সংরক্ষনে বিভিন্ন সময়ে জেলা ও উপজেলা পর্যায়ে সমাজের সর্বস্থরের জনসাধারনের মাঝে সচেতনতা বৃদ্ধি ও গন জাগরন সৃষ্টির লক্ষ্যে ফোরাম -র আর্থিক ও কারিগরী সহায়তায় কর্মশালা, সেমিনার এর আয়োজন করা হয়ে থাকে।

### ১২.ক. জাকাত তহবিল :

বিভিন্ন উন্নয়ন কর্মসুচী চালাতে যেয়ে ওআরএ প্রকৃত অর্থে পংগু ,দুস্থ,এতিম এবং সমাজের হত দরিদ্রদের জন্য স্থায়ীভাবে কোন কর্মসূচী চালু করতে পারেনি। এ উপলব্ধি থেকেই ওআরএ তার কর্ম এলাকায় সমাজের বিত্তবানদের কাছ থেকে জাকাত সংগ্রহ করে গরীব এতিম ছেলেমেয়েদের শিক্ষা এবং পংগু মানুষের জন্য আয় ও কর্মসংস্থান কল্পে কাজ শুরু করে। পরবর্তীতে তা আরও সম্প্রসারিত হয়ে ঘুর্নিঝড় সিডর-এ আক্রান্ত এলাকায় মানুষের সাহাযার্থে কাজ করে। কিন্তু তা ক্ষণস্থায়ী। পরবর্তীতে অক্টোবর-২০০৮ইং থেকে জাকাতের অর্থে স্থায়ীভাবে গরীব মানুষের বিনা মূল্যে চিকিৎসা সেবা প্রদান শুরু করে। মাসে দুই বার বিনা মূল্য ঔষধ সহ চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে। এ ছাড়াও দি জাকাত ফাউন্ডেশন অব আমেরিকা- এর আর্থিক সহায়তায় ২০০৮ইং সনের রমজান মাসে ৪০ জন হত দরিদ্রের মাঝে ইফতারী কার্যক্রম পরিচালনা করা হয়।

### ১৩.প্রশিক্ষন:

জ্ঞান-বুদ্ধি ও সৃজনশীলতা সম্মিলিত জীব হলো মানুষ। মানুষের মাঝেই আছে সৃষ্টিশীল ক্ষমতা। কিন্তু দেখা যায় যে, এ সৃষ্টির ক্ষমতা কারও মাঝে সুপ্ত অবস্থায় থাকে আবার কারো মাঝে সৃষ্টির ক্ষমতা প্রকাশিত হলেও উপযুক্ত পরিবেশ বা ন্যুন্যতম সহায়তার অভাবে প্রসার লাভে বিঘ্ন ঘটে। তাই এ সৃজনশীলতা বিকাশের লক্ষ্যে প্রশিক্ষনের গুরুত্ব অপরিসীম। তাই ওআরএ তার নিজস্ব দক্ষ জনবলের মাধ্যমে কর্মী এবং উকারভোগীদের বিভিন্ন ধরনের প্রশিক্ষন প্রদান করা হয়। নিম্নে প্রশিক্ষনের তথ্য প্রদান করা হলো:

**আবাসিক প্রশিক্ষন :**

| ক্র.নং | প্রশিক্ষণের শিরোনাম | মেয়াদ কাল | প্রশিক্ষানার্থীর ধরণ | অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ০১ | দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ (মধ্য মেয়াদী মূল্যায়নের ভিত্তিতে)। | ০৩ দিন | সৌহার্দ্য-এর কর্মী | ২৮ | ০৮ | ৩৬ জন |
| ০২ | শিশু বিকাশ প্রশিক্ষণ | ০৫দিন | শিক্ষক | - | ২৮ | ২৮ জন |
| ০৩ | একতা বিষয়ক রিফ্রেসার্স প্রশিক্ষণ | ০৩ দিন | সহায়ক | - | ০৯ | ০৯ জন |
| ০৪ | দুর্যোগ ব্যবস্থপনা প্রশিক্ষণ | ০২ দিন | ডি-জিষ্টার ভলান্টিয়ার | ১২৯ | ১২৯ | ২৫৮ জন |
| ০৫ | কৃষি বিষয়ক রিফ্রেসার্স প্রশিক্ষণ | ০২ দিন | কৃষি ভলান্টিয়ার | ৩৫ | ২২ | ৫৭ জন |
| ০৬ | কর্মসূচী বিষয়ক দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ | ০১ দিন | সৌহার্দ্য-এর কর্মী | ২৯ | ০৭ | ৩৮ জন |
| ০৭ | শিশু স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ | ০৩ দিন | কর্মী ও ভলান্টিয়ার | ০৪ | ০৫ | ০৯ জন |
| | | | মোট | ২২৫ | ২০৮ | ৪৩৩ জন |

অনাবাসিক প্রশিক্ষন :

| ক্র.নং | প্রশিক্ষণের শিরোনাম | মেয়াদ কাল | প্রশিক্ষানার্থীর ধরণ | অংশগ্রহণকারীর সংখ্যা | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুরুষ | মহিলা | মোট |
| ০১ | কম্প্রেহেনসিভ হোমষ্টিড ডেভেলপমেন্ট। | ০৪ দিন | মহিলা উপকারভোগী | - | ১০০০ | ১০০০ জন |
| ০২ | শাক সব্জী চাষ প্রশিক্ষণ | ০২ দিন | ” | - | ২১৮ | ২১৮ জন |
| ০৩ | মাঠ ফসল প্রশিক্ষণ | ০২ দিন | ” | - | ১৭৮ | ১৭৮ জন |
| ০৪ | হাঁস পালন প্রশিক্ষণ | ০২ দিন | ” | - | ১২০০ | ১২০০ জন |
| ০৫ | গরু পালন প্রশিক্ষণ | ০২ দিন | ” | - | ১৫০ | ১৫০ জন |
| ০৬ | ছাগল পালন প্রশিক্ষণ | ০২ দিন | ” | - | ৩০০ | ৩০০ জন |
| ০৭ | ছোট ব্যবসায়ী প্রশিক্ষণ | ০২ দিন | উপকারভোগী | ০৩ | ১৪৭ | ৩৫০ জন |
| ০৮ | কম্প্রেহেসসিভ হোমষ্টিড উন্নয়ন রিফ্রেসার্স। | ০২ দিন | ” | - | ১১৩৬ | ১১৩৬ জন |
| ০৯ | খাস জমি ও পানি উন্নয়ন প্রশিক্ষন। | ০১ দিন | ” | ৩৬ | ১৪ | ৫০ জন |
| ১০ | সমস্যা বিশ্লেষণ এবং পরিকল্পনা প্রনয়ন। | ০৩ দিন | একতা মহিলা দল | - | ৩৫০ | ৩৫০ জন |
| ১১ | গ্রাম আদালত পরিচালন | ০৫ দিন | ইউনিয়ন পরিষদ মেম্বার | ১৭ | ০৫ | ২২ জন |
| ১২ | ইউনিয়ন শিক্ষা ষ্টেন্ডিং কমিটির প্রশিক্ষন। | ০১ দিন | স্কুল ম্যানেজমেন্ট কমিটি মেম্বার | ১৫৯ | ৪৪ | ২০৩ জন |
| ১৩ | প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থপনা বিষয়ক প্রশিক্ষণ। | ০১ দিন | ইউনিয়ন পরিষদ -এর দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি | ২৪৬ | ১০২ | ৩৪৮ জন |
| ১৪ | স্কুল ব্যবস্থপনা কমিটির ব্যবস্থাপনা প্রশিক্ষণ। | ০১ দিন | স্কুল ম্যানেজমেন্ট কমিটির সদস্য | ১৫৫ | ৪৮ | ২০৩ জন |
| ১৫ | স্বাস্থ্য সেবা বিষয়ক কর্মশালা উপজেলা পর্যায়ে। | ০১ দিন | হেলথ সার্ভিস প্রোভাইডার | ২৩ | ১৫ | ৩৮ জন |
| ১৬ | বিকল্প জীবন ব্যবস্থপনা বিষয়ক প্রশিক্ষন প্রদান। | ০১ দিন | উপকার ভোগী | ০৩ | ১২ | ১৫ জন |
| ১৭ | ইউনিয়ন কর্মশালা (মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি বিষয়ক) | ০১ দিন | ইউনিয়ন পরিষদের মেম্বার, চেয়ারম্যান এবং কর্মী ও ভলান্টিয়ার | ২১ | ৯ | ৩০ জন |
| ১৮ | রিফ্রেসার্স প্রশিক্ষণ | ১২ দিন মাসে ১ দিন | উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রের সহায়িকা বৃন্দ | ০৪ | ৩৮ | ৪২ জন |
| | | | মোট | ৬৬৭ | ৪৯৬৬ | ৫৬৩৩ জন |

## ১৪. উপসংহার:

অধিকার আদায় ও দায়িত্বশীল ভূমিকা পালনের ক্ষেত্রে সামর্থ্যতা অর্জনের মাধ্যমে সার্বিক উন্নয়ন কোন কথার কথা নয়। এটা একটি প্রক্রিয়ার ব্যাপারতো বটেই এবং সময়েরও ব্যাপার। তা ছাড়াও রয়েছে দেশের সরকার কর্তৃক গৃহীত নীতিমালা ও বাস্তবায়ন পদক্ষেপ। ভিত্তহীনদের আজকের আর্থ-সামাজিক অবস্থা এবং তাদের অবস্থান যেমন একদিনে ঘটেনি, ঠিক তেমনি এ অবস্থান থেকে তাদের উত্তরণও স্বল্প সময়ের ব্যবধানে ঘটবে না। তবে আমাদের স্বস্ব অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের চেষ্ঠা করে যেতে হবে। বস্তুত পক্ষে পৃথিবীতে কোন চেষ্টাই আজ পর্যন্ত ব্যর্থ যায়নি, যদি না সে চেষ্টায় আন্তরিকতা ও অঙ্গীকারের ক্ষেত্রে কোন প্রকার অভাব না ঘটে। ও,আর,এ মনে করে যদি তাদের দাযিত্বশীল কর্মী বাহিনীকে নিয়ে তার কর্ম এলাকায় সংগঠিত দলীয় সদস্যদের নিয়ে আন্তরিকতার সাথে কাজ করে যায় তবে, জাতীয় উন্নয়নের ক্ষেত্রে বিশেষ ভূমিকা রাখতে পারবে। ও,আর,এ প্রকৃত পক্ষে চায় সামর্থ্য অনুযায়ী লক্ষীত জনগোষ্ঠীর মাঝে অংশগ্রহণ ও অংশীদারিত্ব ভিত্তিক কর্ম প্রচেষ্ঠা বাস্তবায়নের মাধ্যমে জনগণের দায়িত্বশীল উন্নয়ন।

## সংস্থার সাধারন পরিষদের সদস্যবৃন্দের তালিকা

| ক্র.নং | নাম | ঠিকানা | পেশা |
|---|---|---|---|
| ০১ | মো: জালাল উদ্দীন | জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, জিলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ০২ | মো: আলী আকবর | গ্রাম: গুলবাগ,পো: পাড়া বালিয়া, করিমগঞ্জ,কিশোরগঞ্জ। | বেসরকারী চাকুরী |
| ০৩ | এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম | গ্রাম:রামনগর,পো:জয়কা,উপজেলা: করিমগঞ্জ, কিশোরগঞ্জ। | চাকুরী বেসরকারী |
| ০৪ | মো: আনোয়ারুল হুদা | ৪৪২,চর শোলাকিয়া, জিলা:কিশোরগঞ্জ | ব্যবসা |
| ০৫. | মোছা: শেলীনা আক্তার | গ্রাম: নানশ্রী,পো: নানশ্রী,উপজেলা: করিমগঞ্জ, কিশোরগঞ্জ | গৃহিনী |
| ০৬. | হাসিনা আক্তার | কাজী নজরুল ইসলাম রোড শোলাকিয়া, জিলা:কিশোরগঞ্জ | গৃহিনী |
| ০৭. | সুফিয়া আক্তার খাতুন | গ্রাম:হাই-ধনখালী,পো:+উপজেলা:করিমগঞ্জ, কিশোরগঞ্জ | গৃহিনী |
| ০৮. | মো: মাহবুবুল আলম | গ্রাম:হাজীপুর,পো:মাথিয়া, উপজেলা+ জেলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ০৯. | সাঈদা সুখায়না | গ্রাম: রামনগর, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ | গৃহিনী |
| ১০. | মো: বদরুল ইসলাম | গ্রাম: রামনগর,পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১১. | মো: হুমায়ুন কবীর | গ্রাম: নানশ্রী, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ | ব্যবসা |
| ১২. | মো: নুরুল ইসলাম | গ্রাম: কলাবাগ, পো: জয়কা,উপজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১৩. | মো: সুলতান মাহমুদ | গ্রাম: মহব্বতপুর,পো:জংগল বাড়ী, করিমগঞ্জ, কিশোরগঞ্জ | ব্যবসা |
| ১৪. | মো: মতিউর রহমান | আঠারোবাড়ী কাচারী মোড়, কিশোরগঞ্জ। | আইন ব্যবসা |
| ১৫. | মো: সিরাজুল হক | গ্রাম:দেহুন্দা,পো: দেহুন্দা, করিমগঞ্জ, জিলা:কিশোরগঞ্জ। | বেসরকারী চাকুরী |
| ১৬. | মো: আসাদ উল্লাহ | গ্রাম: সিংগুয়া, পো:+ উপজেলা: করিমগঞ্জ, কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১৭. | মো: জহিরুল ইসলাম | গ্রাম: কিরাটন বিচারকান্দা, উপজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ১৮. | মো: ইব্রাহীম | গ্রাম: কানাইনগর,পো:জয়কা,পজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ | কৃষি |
| ১৯. | মো: ওমর ফারুক | গ্রাম: পাটুয়া ভাংগা,পো: হুসেন্দী,পাকুন্দিয়া, কিশোরগঞ্জ। | ব্যবসা |
| ২০. | মো: জয়নাল আবেদীন | গ্রাম: মথুরা পাড়া, পো: নানশ্রী, করিমগঞ্জ, কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ২১. | মো: গোলাম মস্তফা | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, করিমগঞ্জ, জিলা:কিশোরগঞ্জ | বেসরকারী চাকুরী |
| ২২. | মো: খাজেমুল ইসলাম খান | গ্রাম: গাংগাইল,পো: বৌলাই, করিমগঞ্জ, কশোরগঞ্জ। | বেসরকারী চাকুরী |
| ২৩. | মো: রোকন উদ্দীন | গ্রাম: কলাবাগ, পো: জয়কা, করিমগঞ্জ, জিলা:কিশোরগঞ্জ। | ব্যবসা |

## সংস্থার কার্যকরী পরিষদের তালিকা:

| ক্র.ন | নাম | পদবী | ঠিকানা |
|---|---|---|---|
| ০১ | মো: জালাল উদ্দীন | সভাপতি | জেমিনী টেক্সটাইল রোড, গাইটাল, জিলা:কিশোরগঞ্জ। |
| ০২ | মো: আলী আকবর | সহ-সভাপতি | গ্রাম: গুলবাগ,পো: পাড়া বালিয়া, করিমগঞ্জ,কিশোরগঞ্জ। |
| ০৩. | এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম | সম্পাদক | গ্রাম:রামনগর,পো:জয়কা,উপজেলা:করিমগঞ্জ, কিশোরগঞ্জ। |
| ০৪. | মো: আনোয়ারুল হুদা | কোষাধক্ষ্য | ৪৪২,চর শোলাকিয়া, জিলা:কিশোরগঞ্জ |
| ০৫. | মো: হুমায়ুন কবীর | সদস্য | গ্রাম: নানশ্রী, পো: জয়কা, উপজেলা:করিমগঞ্জ,কিশোরগঞ্জ |
| ০৬. | মো: মাহবুবুল আলম | সদস্য | গ্রাম:হাজীপুর,পো:মাথিয়া , জিলা:কিশোরগঞ্জ |
| ০৭. | হাসিনা আক্তার | সদস্য | কাজী নজরুল ইসলাম রোড, শোলাকিয়া জিলা:কিশোরগঞ্জ। |

## সংস্থার দাতা সদস্যের নাম

| ক্রম. | নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১. | আলহাজ্ব ফকির মো:ইদ্রিস মাষ্টার | গ্রাম: রামনগর, পো: জয়কা, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০২. | আলহাজ্ব এ্যাড: মো:ছাইদুর রহমান | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, থানা: করিমগঞ্জ, জেলা: কিশোরগঞ্জ |
| ০৩. | এ্যাড. ফকির মো: মাজহারুল ইসলাম | গ্রাম: রামনগর, পো: জয়কা, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৪. | বেগম জাহানারা সাঈদ | গ্রাম: নানশ্রী, পো: নানশ্রী, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৫. | সাঈদা সোখায়না | গ্রাম: রামনগর, পো: জয়কা, থানা: করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৬. | আব্দুস সাত্তার মিয়াজী | গ্রাম: জংগল পুর, পো:তাড়াশাইল, চৌদ্দগ্রাম, কুমিল্লা। |
| ০৭. | মো: শফিকুল হক চৌধুরী | ব্যবস্থাপনা পরিচালক, আশা, ঢাকা |
| ০৮. | মোহাম্মদ আলী | গ্রাম: জংগল বাড়ী,পো: জংগল বাড়ী, করিমগঞ্জ, জেলা:কিশোরগঞ্জ |
| ০৯ | মি. সুশীল কুমার রায় | ভাইস প্রেসিডেন্ট, আশা, ঢাকা। |
| ১০ | এস,এম মোর্শেদ | প্রশিক্ষন কর্মকর্তা, ওয়ার্লড ফুড প্রোগ্রাম, ঢাকা। |
| ১১ | এস মাহমুদ চৌধুরী | প্রশিক্ষন কর্মকর্তা, সেব দি চিল্ড্রেন, ঢাকা। |
| ১২ | শেলিনা আক্তার | গ্রাম: নানশ্রী,পো: নানশ্রী,উপজেলা: করিমগঞ্জ, কিশোরগঞ্জ |

# বিভিন্ন কর্মসুচী সংক্রান্ত কিছু ছবি




বিশ্ব AIDS দিবসে র‍্যালি পরিচালনা করছেন ওআরএ কিশোরগঞ্জ DIC -এর সুপার ভাইজার আরিফ মোঃ ইউসুফ আলী




ওআরএ কিশোরগঞ্জ DIC কর্তৃক আয়োজিত জেলা কালেকটরেট ভবনে অনুষ্ঠিত বিশ্ব * দিবসের আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কিশোরগঞ্জ জেলার মাননীয় জেলা প্রশাসক।



দামিহা ইউনিয়নের আনোয়ারপুর গ্রামে ECB কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির লোকদের সাথে আলোচনা করছেন ওআরএ নির্বাহী পরিচালক এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম।



মা ও শিশু স্বাস্থ্য পুষ্টি কর্মসূচীর শিক্ষা সেশন শেষে শিশুদের মাঝে পুষ্টিকর খাবার পরিবেশন করছেন কর্মসূচীর বলান্টিয়ার।




স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়ের সহায়তা বিনামূল্যে ঔষধসহ রোগীদের চিকিৎসা প্রদান করছেন ওআরএ-এর প্যারামেডিকেল অফিসার জনাব জামিলা খাতুন।




শিক্ষার মান উন্নয়নে পাঠক মতামত যাচাই অনুষ্ঠানে বক্তব্য রাখছেন গনস্বাক্ষরতা অভিযানের প্রতিনিধি।




আর্ন্তজাতিক স্বাক্ষরতা দিবসের আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন করিমগঞ্জ উপজেলার মাননীয় সহকারী কমিশনার ভূমি।



মাদক বিরোধী উপলক্ষ্যে আয়োজিত সুধী সামাবেশে বক্তব্য রাখছেন ওআরএ-এর নির্বাহী পরিচালক মঞ্চে উপবিষ্ট কিশোরগঞ্জ জেলার মাননীয় সচিব, জেলা পরিষদ, মাননীয় পুলিশ সুপার ও সহকারী পুলিশ সুপার, কিশোরগঞ্জ।




জাতীয় স্মৃতি সৌধে শ্রদ্ধাঞ্জলী প্রদর্শন করছেন এফএনবি এর সদস্য সংগঠনের এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম।



মা ও শিশু স্বাস্থ্য শিক্ষা কর্মসূচীর সেশন শেষে পুষ্টিকর খাবার বিতরন করছেন ভলান্টিয়ার মোঃ খাজেমুল ইসলাম।



HIV / AIDS কর্মসূচীর পিয়ার এ্যাডুকেটরদের সাথে কর্মসূচীর মাসিক মিটিং এ বক্তব্য রাখছেন সংস্থার নির্বাহী পরিচালক এ্যাড. ফকির মোঃ মাজহারুল ইসলাম।